

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 09-11-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM- Unity Promo Fest :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ডমুরের নারিকেল কুঞ্জে আসা যাওয়ার সুবিধার জন্য কমলপুর থেকে আমবসা হয়ে শান্তিরবাজার পর্যন্ত একটি জাতীয় সড়ক নির্মানের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গাডকারির কাছে অনুরোধ করা হয়েছে। গতকাল ডমুরের নারিকেলকুঞ্জে রাজ্য পর্যটন দপ্তর আয়োজিত দুদিনের ইউনিটি প্রমোফেস্টের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী এখানে একটি শিশুউদ্যানেরও উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন, ইউনিটি প্রমোফেস্ট সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি শান্তি সম্প্রীতি ও ঐক্যের বার্তা বহন করে। তিনি বলেন, রাজ্যের বর্তমান সরকার পর্যটন শিল্পের আরো উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে।

#####Byte : C.M.#####

অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, ধলাই জেলার সভাপতি সুস্মিতা দাস, বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক নন্দিতা রিয়াং, বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা প্রমুখ।

CM-API :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আগরতলায় ক্যাপিটাল কমপ্লেক্স এলাকায় একটি অত্যাধুনিক চক্ষু হাসপাতাল গড়ে তোলা হবে। এর কাজ শীঘ্রই শুরু হবে। গতকাল ত্রিপুরা মেডিকেল কলেজে আয়োজিত অ্যাসোসিয়েশন অফ ফিজিশিয়ান অফ ইন্ডিয়া'র রাজ্য শাখার ২৫তম বার্ষিক সম্মেলন উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবা এবং পরিকাঠামো উন্নয়নকে রাজ্য সরকার সর্বাধিক গুরুত্ব দিয়ে কাজ করছে। জিবি এবং আই.জি.এম হাসপাতালের পাশাপাশি রাজ্যের সমস্ত জেলা ও মহকুমা হাসপাতালগুলোর পরিকাঠামো এবং পরিষেবা উন্নয়নে যথেষ্ট গুরুত্ব দিয়ে কাজ করা হচ্ছে।

দুদিনব্যাপী বার্ষিক সম্মেলনে রাজ্যের স্বনামধন্য চিকিৎসক ডা. বিজয় পাল, ডা. পীযুষ কুমার দত্ত, ডা. তুষার কান্তি দে এবং ডা. গোতম রায় চৌধুরীকে লাইফ টাইম এচিভমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

CM-AGMC :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বাস্থ্য পরিষেবার উন্নতি হওয়ায় রাজ্যে শিশু মৃত্যুর হার ও গর্ভকালীন অবস্থায় মায়েদের মৃত্যুর হার অনেকটাই হ্রাস পেয়েছে। গতকাল আগরতলা সরকারি মেডিকেল কলেজে অ্যাসোসিয়েশন অব সার্জন অব ইন্ডিয়া'র ত্রিপুরা চ্যাপ্টারের ১৯তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন।

PM, Vande Bharat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বন্দে ভারত, নমো ভারত এবং অমৃত ভারতের মতো ট্রেনগুলি ভারতীয় রেলের পরবর্তী প্রজন্মের ভিত্তি স্থাপন করছে। গতকাল উত্তর প্রদেশের বারাণসী থেকে চারটি নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রা শুরু করার পর প্রধানমন্ত্রী সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। তিনি দেশের প্রধান অঞ্চলগুলিতে যোগাযোগ বৃদ্ধির জন্য ভার্চুয়ালভাবে বারাণসী রেলওয়ে স্টেশন থেকে বেনারস-খাজুরাহো সহ চারটি বন্দে ভারত ট্রেনের যাত্রা শুরু করেন।

প্রধানমন্ত্রী বলেন, এখন বিদেশী পর্যটকরাও বন্দে ভারত ট্রেন দেখে বিস্মিত হন। শ্রী মোদী উল্লেখ করেন যে দেশে এখন ১৬০ টিরও বেশি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চলাচল করছে।

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Minister Bikash Debbarma :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্যে আরো পনেরোটি একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল স্থাপনে অনুমোদন দিতে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। তিনি গতকাল ঊনকোটি জেলার কুমারঘাটে একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলটি পরিদর্শনকালে একথা বলেন। তিনি বলেন, রাজ্যের ছাত্রাবাসগুলিতে শীঘ্রই ১৭০ জন হোস্টেল সুপার নিয়োগ করা

হবে। তিনি বলেন, অন্ধ্রপ্রদেশের মতো রাজ্যেও আগামীদিনে জনজাতি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য কেন্দ্রীয় জনজাতি কল্যাণ মন্ত্রী জুয়েল ওরামের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।

Agri Scientist :

ভারতীয় কৃষি গবেষণা পরিষদের চার জন বিজ্ঞানী গতকাল গোমতি জেলার টেপানিয়া ব্লকের বাগমায় কৃষি জমি পরিদর্শন করেন। তারা অধিক পরিমাণে ধান এবং ডাল শস্য উৎপাদনের পদ্ধতি সম্পর্কে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ দেন। কৃষি বিজ্ঞানীদের মধ্যে ছিলেন ড: কৃষ্ণ নায়েক, ড: বাসভারাজু বি, ড: কল্যাণ রাও, ড: রাহুল কুমার।

Ranji Trophy :

রঞ্জি ট্রফি ক্রিকেটের দ্বিতীয় দিনে আসামের বিরুদ্ধে আজ সকালে ত্রিপুরা দল তাদের প্রথম ইনিংসে ৪ উইকেটে ৩১৬ রান হাতে নিয়ে খেলা শুরু করবে। আগরতলার এম.বি.বি স্টেডিয়ামে গতকাল থেকে শুরু হওয়া চারদিনের ম্যাচ শুরু হয়েছে। আসাম দল টেসে জিতে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয় ত্রিপুরা দলের হনুমা বিহারী ১৪৩ রানে অপরাজিত রয়েছেন।

School Level Badminton :

বিলোনিয়ার বি.কে.আই. ইনডোর স্টেডিয়ামে ক্রীড়াঙ্গুর আয়োজিত তিন দিন ব্যাপি রাজ্যভিত্তিক বিদ্যালয় স্তরের ব্যাডমিন্টনের অনূর্ধ্ব ১৪ ও ১৭ বছর প্রতিযোগীতা গতকাল শেষ হয়েছে। দুই বিভাগেই সার্বিকভাবে চ্যাম্পিয়ান হয়েছে ধলাই জেলা। রানার্স আপ উত্তর জেলা ংবং দক্ষিণ ও গোমতী জেলা যুগ্মভাবে তৃতীয় স্থান দখল করেছে। রাজ্যের ৮ টি জেলার ১২৫ জন খেলোয়াড় আসরে অংশগ্রহণ করে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের তাপমাত্রা থাকবে সর্বোচ্চ ৩১ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৪ ডিগ্রি সেলসিয়াস।
